

## দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আখ্ৰাবাদ বা/এ, চট্টগ্রাম। ফোনঃ পিএবিএক্স-৭১৩৩৬৬-৯, ফ্যাক্স-৭১০১৮৩  
E-mail: info@chittagongchamber.com, website: www.chittagongchamber.com

বিজ্ঞপ্তি নং-২৫

মার্চ ১১ ২০১৭ ইং

সকাল সদস্যের প্রতি :

পণ্য পরিবহনের সময় যানবাহনে কি কি দলিলাদি বহন করতে হবে, সে বিষয়ে  
জারীকৃত গণবিজ্ঞপ্তির বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

### ভ্যাট সংক্রান্ড গণ বিজ্ঞপ্তি-১

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর নথি নং-০৮.০১.০০০০.০৭৮.২১.০০১.১৭/১৭২(২) তারিখ ২/০৩/২০১৭ খ্রিঃ এর প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক সম্মানিত চেম্বার সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ মোতাবেক নিরীক্ষা, গোয়েন্দা ও তদান্ধ অধিদপ্তর, মূল সংযোজন কর, ঢাকা, এবং অন্যান্য সকল মুসক কমিশনারেট হতে নৈশকালীন নিবারহী (Preventive) কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। এ ধরনের নিবারকী কার্যক্রম পরিচালনাকালে কোন পরিবাহিত পণ্যের বৈধ মুসক চালানপত্র না পাওয়া গেলে এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পণ্যসহ যানবাহন জব্দ করা হয়। জসস্বার্থে ও সংব্যাসায়ীদেরকে সুরক্ষা প্রদানের জন্য গৃহীত পদক্ষেপ সম্যক অনুধাবন না করে কিছু ব্যবসায়ী নেতৃবৃন্দ বিভিন্ন ফোরামে বিষয়টি উত্থাপন করেছেন। সে পেক্ষাপটে সম্মানিত ব্যবসায়ীগণসহ সকলের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পণ্য পরিবহনের সময় যানবাহনে কি কি দলিলাদি বহন করতে হবে সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে বেশ কয়েকটি জাতীয় দৈনিক পত্রিকায় “ভ্যাট সংক্রান্ড গণবিজ্ঞপ্তি” প্রচার করা হয়েছে। আলোচ্য বিষয়ে সুস্পষ্ট ধারণা লাভের জন্য গণবিজ্ঞপ্তির একটি কপি চেম্বার লাইব্রেরীতে সংরক্ষিত আছে। উক্ত গণবিজ্ঞপ্তির কপি চেম্বার লাইব্রেরী থেকে ফটোকপিকরণ পূর্বক সংগ্রহ করা যাবে।

স্বাক্ষরিত/-

(প্রকৌ. মোঃ আলমগীর চৌধুরী)

সেক্রেটারী ইন-চার্জ